৪. ① ক্রীড়া পরিচালনার নীতি গুলি আলোচনা কর।
(Principles of sports management)

মানব সভ্যতার বিকাশে ক্রীড়া নির্বাহ বা পরিচালনা ব্যবস্থার অবদান অনস্বীকার্য, নির্বাহ বা পরিচালনা ব্যবস্থা সুপ্রাচীন কাল থেকেই মানব সভ্যতার সাথে অঙ্গাঙ্গি ভাবে জড়িত, ক্রীড়া ক্ষেত্র তথা খেলাধূলা মানব জীবনের বিভিন্ন ক্ষেত্রকে স্পর্শ করে গড়েছে, ক্রীড়া নির্বাহের নীতি গুলি হল,

অভিজ্ঞতার মাধ্যমে শিখনের নীতি :—

এই নীতিটির অর্থ হল, যে উদ্দেশ্য কে সামনে রেখে কোনো কাজ পরিচালনা করা হয় সেই উদ্দেশ্য যত বেশী সফল হয় তত কাজটির কার্যকারিতা বিচার করা হয়, অর্থাৎ কাজ বা সংগঠনের কাজের সাফল্য বা বিফলতা বিচার করে যে অভিজ্ঞতা লাভ করা যায় তার দ্বারা শিখন সম্পন্ন হয়,

মানুষের মাধ্যমে কাজ করিয়ে নেওয়ার নীতি :—

এই নীতির অর্থ হল কাজ করা বা পরিচালনার ক্ষেত্রে মানুষই প্রধান সম্পদ, তাই এই নীতিটিতে মানুষের জন্য, মানুষের দ্বারা ও মানুষের সাথে কাজ করার নীতি বললে ভুল হবে না, মানব সম্পদের যথাযথ বা সুষ্ঠু ব্যবহার নির্দেশ করে এই নীতিটি,